

(প্রেস বিজ্ঞপ্তি)

৩০ মে ২০২২

হালিশহর মহাবত আলী উচ্চ বিদ্যালয় প্রাক্তন শিক্ষার্থী পরিষদের ঈদ পূনর্মিলনী অনুষ্ঠানে মেয়র

ইতিহাস থেকে পাঠ নিয়ে নিজেদের তৈরী হতে হবে

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, চট্টগ্রামের নদী-সাগর পাহাড় বিধৌত পরিবেশ এ অঞ্চলের এক বিশেষ বৈশিষ্ট্য ও বিশেষতা দান করেছে। প্রকৃতিগত কারণে এ অঞ্চলের মানুষের মন মানসিকতা অনেক অঞ্চলের মানুষের চাইতে উঁচুতে। সে কারণে বিভিন্ন সংগ্রাম আন্দোলনে চট্টগ্রামের ভূমিকা ছিল অগ্রগন্য। চট্টগ্রামের এই ঐতিহ্য ধরে রাখতে হলে নতুন প্রজন্মকে ইতিহাস ঐতিহ্য সম্পর্কে সম্যক ধারণা রাখতে হবে। ইতিহাস পাঠ করে জ্ঞান অর্জন করতে হবে। তবেই বাংলাদেশের জন্য নতুন নেতৃত্ব তৈরী করা সম্ভব হবে। তিনি গত শনিবার সন্ধ্যায় হালিশহর আলহাজ্ব মহাবত আলী চসিক উচ্চ বিদ্যালয়ে ঈদ পূনর্মিলনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখতে গিয়ে এ কথা বলেন।

হালিশহর আলহাজ্ব মহাবত আলী চসিক উচ্চ বিদ্যালয়ে মিলনায়তনে প্রাক্তন শিক্ষার্থী পরিষদের আহবায়ক লায়ন মোহাম্মদ হোসেনের সভাপতিত্বে সদস্য সচিব কাউন্সিলর আবদুল মান্নানের সঞ্চালনায় অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন পরিষদের সদস্য হারুনুর রশিদ, রাজনীতিক সাইফুদ্দীন খালেদ বাহার, কাউন্সিলর মো. ইলিয়াছ, সংরক্ষিত কাউন্সিলর হুসে আরো বিউটি, পরিষদের সমন্বয়ক রেজাউল করিম কায়সার, বিদ্যালয়ের প্রধান শিক্ষক আমির হোসাইন। অন্যান্যের মধ্যে আরো বক্তব্য রাখেন এস.এম নাছির উদ্দিন, এনামুল হক, নাগিস আকতার প্রমুখ। মেয়র আরো বলেন, শিক্ষা জাতির মেরুদণ্ড, শিক্ষাকে এখন অনেক আধুনিকায়ন করা হয়েছে। কাজের সাথে তালমিলিয়ে শিক্ষার্থীদের শিক্ষা দেয়া গেলে আগামী পথ চলা তাদের জন্য সুগম হবে। কারিগরি শিক্ষার উপর জোর দিয়ে মেয়র বলেন, পাঠ্যপুস্তকের পাশাপাশি শিক্ষার্থীদের কারিগরি শিক্ষার উপর প্রাধান্য দিতে হবে। হাতের কাজ জানা না থাকলে মাস্টার্স ও পিএইচডি ডিগ্রি অর্জন করে লাভ হবে না। মেয়র বিষয়টির উপর গুরুত্ব দিতে শিক্ষক ও শিক্ষার্থীদের প্রতি আহবান জানান।

চসিকের ভ্রাম্যমাণ আদালত পরিচালিত

সিঙ্গাপুর ব্যাংকক মার্কেটে বকেয়া ট্রেড লাইসেন্স ও

উত্তর আগ্রাবাদ হোল্ডিং ট্যাক্স ফি বাবদ ২ লক্ষ ৪৬ হাজার টাকা আদায়

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ সোমবার নগরীতে মোবাইল কোর্ট পরিচালিত হয়। স্পেশাল ম্যাজিস্ট্রেট মনীষা মহাজনের নেতৃত্বে সিঙ্গাপুর ব্যাংকক মার্কেটে বিভিন্ন ব্যবসা প্রতিষ্ঠান থেকে পাঁচটি বকেয়া ট্রেড লাইসেন্স ফি বাবদ ৪০ হাজার ৩ শত ৮০ টাকা, আয়কর বাবদ ৬ হাজার ৩ ভ্যাট বাবদ ৩ হাজার ১ শত ৮০ টাকা এবং উত্তর আগ্রাবাদ এলাকায় হোল্ডিং ট্যাক্স বাবদ ১ লক্ষ ৬০ হাজার টাকা আদায় করা হয়। আদালত ট্রেড লাইসেন্স বিহীন ব্যবসা পরিচালনার দায়ে ৫ ব্যক্তির বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ১২ হাজার জরিমানা আদায় করেন। একই আদালত

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের নিরাপদ খাদ্য পরিদর্শকের দায়েরকৃত মোকদ্দমায় ৪ ব্যক্তিকে ৩৪ হাজার টাকা জরিমানা করে। অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী, চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেটকে সহায়তা প্রদান করেন।

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩